দৈনিক
ইত্তেফাক

# কিছু শিক্ষক ক্লাসে না পড়িয়ে বাড়িতে পড়ানোর অপকৌশল নিয়েছেন : শিক্ষামন্ত্রী

■ ইত্তেফাক রিপোর্ট

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ কোচিং বাণিজ্যের সমালোচনা করে বলেছেন, বর্তমানে কিছু শিক্ষক ক্লাসে না পড়িয়ে বাড়িতে পড়ানোর অপকৌশল তৈরি করেছেন। বাড়িতে পড়িয়ে তারা শিক্ষার্থীদের কাছ থেকে মোটা অংকের টাকা আদায় করে নিচ্ছেন। গতকাল রবিবার রাজধানীর ব্যানবেইজ ভবনে অবসরপ্রাপ্ত বেসরকারি শিক্ষক-কর্মচারীদের মধ্যে কল্যাণ ও অবসর ভাতার চেক প্রদানকালে তিনি এসব কথা বলেন।

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের অবসরপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীদের অবসর ও কল্যাণ সুবিধার টাকা অনলাইন ব্যাংকিংয়ের মাধ্যমে দেওয়ার কার্যক্রম উদ্বোধনের জন্য এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী অবসর সুবিধা বোর্ড এবং কল্যাণ ট্রাস্ট যৌথভাবে এর আয়োজন করে।

শিক্ষামন্ত্রী গোপালগঞ্জের টুঙ্গিপাড়া, সিলেটের কোম্পানীগঞ্জ এবং ব্রাহ্মণবাড়িয়ার কসবা উপজেলার শিক্ষক-কর্মচারীদের সাথে ভিডিও কন্‌ফারেন্সের মাধ্যমে কথা বলেন। ভাতাপ্রাপ্ত শিক্ষকরা এ সময় তাদের অনুভূতি ব্যক্ত করেন।

এ সময় শিক্ষামন্ত্রী বলেন, এবার হজগমনেচ্ছু এক হাজার ৮৫১ জন অবসরপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীকে মোট ৬৩ কোটি ৮৭ লাখ টাকার কল্যাণ ও অবসর সুবিধা প্রদান করা হচ্ছে। অনলাইনে সকলের কাছে সুবিধা পৌঁছে দেওয়া হবে। স্ব স্ব ব্যাংক অ্যাকাউন্টে তাদের টাকা পৌঁছে যাবে। এতে বিভিন্ন ধরনের হয়রানি কমবে। তিনি বলেন, এবার বেসরকারি শিক্ষক-কর্মচারীদের জন্য অবসর সুবিধা ও কল্যাণ ভাতা বাবদ ৬৫০ কোটি টাকা অনুদান দেওয়া হয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...............................
তারিখ...............................
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিষ্ট
প্রশাসনিক কর্মকর্তা
স্বাক্ষর